

সুগান্তর

প্রাথমিকের বই ছাপানোর দুর্নীতির তদন্ত শুরু

সংসদ রিপোর্টার

প্রাথমিক স্তরের বিনামূল্যে বিতরণকৃত পাঠ্যপুস্তক ছাপানোর ক্ষেত্রে ব্যাপক অনিয়ম-দুর্নীতি করছে প্রকাশ করা। ব্রাজিল থেকে আমদানি করে ভুক্তিনুল্যে তাদের দেয়া কাগজ খোলাবাজারে বিক্রি করে নিয়মানুযায়ী সাদা কাগজে বই ছাপিয়ে সরবরাহ করেছে। বিষয়টি যথাযথ তদারকিতে বর্ষ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)। এ নিয়ে শুরু সংসদীয় স্থায়ী কমিটি। কমিটি এ সংক্রান্ত অভিযোগের তদন্ত শুরু করেছে।

বৃহস্পতিবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে বিষয়টি নিয়ে আলোচনা হয়। কমিটির সভাপতি মোতাহার হোসেনের সভাপতিত্বে বৈঠকে কমিটি সদস্য প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান, আ খ ম জাহাঙ্গীর হোসাইন, সামুئل হক চৌধুরী, নজরুল ইসলাম বাবু, আলী আজম, মোহাম্মদ ইলিয়াছ ও উম্মে রজিয়া কাজল এবং সর্বশ্রেষ্ঠ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

কমিটি সূত্র জানায়, আগের বৈঠকের আলোচনার সূত্র ধরে এ বৈঠকেও এনসিটিবির কার্যক্রম নিয়ে আলোচনা হয়। সেখানে মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়, তদন্ত কাজে সংসদীয় সাব কমিটিকে সব প্রকার সহযোগিতা করা হচ্ছে। সাব কমিটির পক্ষ থেকে জানানো হয়, এনসিটিবির অনিয়ম-দুর্নীতির তদন্ত চলছে। দ্রুত প্রতিবেদন জমা দেয়া হবে। এর আগে ৮ জুলাই অনুষ্ঠিত কমিটির বৈঠকে এ অনিয়ম ও দুর্নীতির বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে কমিটির সদস্য সামুئل হক চৌধুরীকে আহ্বায়ক করে ৫ সদস্যের সাব কমিটি গঠন করা হয়। সংসদীয় কমিটির কার্যবিবরণী থেকে জানা গেছে, ওই বৈঠকে এনসিটিবির কার্যক্রমের কঠোর সমালোচনা করেন কমিটির সভাপতি মোতাহার হোসেন।

তিনি বলেন, আগে ৫৩ টাকায় প্রতিটি বই কেনা হতো কিন্তু আন্তর্জাতিক দরপত্র আহ্বানের পর মূল্য ৩৪ টাকা করে প্রতিটি বইয়ের দাম দাঁড়িয়েছে।